

দৈনিক পূর্বকোণ

সোমবার ১৩ জুন ২০০৫



এনজিও সংস্থা ভাসা ফাউন্ডেশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক প্রফেসর ফরিদ আহমদ

ভাসা ফাউন্ডেশনের আত্মপ্রকাশ

এনজিও সংস্থা ভাসা ফাউন্ডেশনের আত্মপ্রকাশ উপলক্ষে এক আলোচনা সভা গত ১০ জুন ফাউন্ডেশন সভাপতি প্রকৌশলী প্রিয়তোষ নন্দীর সভাপতিত্বে কর্ণেলহাট আবাসিক এলাকায় ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ডেপুটি ডাইরেক্টর প্রফেসর ফরিদ আহমদ। বিশেষ অতিথি ছিলেন ফাউন্ডেশনের উপদেষ্টামন্ডলীর সদস্য ডা. মোহাম্মদ মোস্তফা। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ভাসা ফাউন্ডেশনের জিএস রাজ চৌধুরী, প্রতিষ্ঠাতা সদস্য পরিমল কান্তি পাল, মাওলানা রশিদ আহমদ প্রমুখ।

সমাবেশে প্রধান অতিথি ফরিদ আহমদ বলেন, দেশকে অর্থনৈতিক ভাবে এগিয়ে নিতে এনজিও সংস্থাগুলো নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ কার্যক্রমে ভাসা ফাউন্ডেশনের অংশগ্রহণ দেশে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। সভাপতি প্রকৌশলী প্রিয়তোষ নন্দী বলেন, ভাসা ফাউন্ডেশন সাক্ষরতা, শিশু শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি, মানসিক স্বাস্থ্য, শারীরিক স্বাস্থ্য, মাদক বিরোধী কার্যক্রম, বয়স্ক শিক্ষা ও দাবিদা বিমোচনে কাজ করবে।-খবর বিজ্ঞপ্তির